

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক যে সকল সেবা পাওয়া যায় :

- ক) বাৎসরিক উন্নয়ন কর্মসূচী (ADP) অনুযায়ী পানির উৎস সমূহ (টিউবওয়েল, রিংওয়েল, পাইপলাইন ইত্যাদি) স্থাপন করা।
- খ) পৌর এলাকায়/পল্লী অঞ্চলে পাইপলাইন স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করা।
- গ) পানির উৎস সমূহ রক্ষণাবেক্ষণ/সংস্কার/স্থাপনের বিষয়ে জনসাধারণকে কারিগরী পরামর্শ প্রদান এবং প্রয়োজনবোধে ঠিকাদার নিয়োগ করে বা দপ্তরীয়ভাবে রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করা।
- ঘ) ফিল্ড টেস্ট কিট এবং আঞ্চলিক পরীক্ষাগারের মাধ্যমে পানির গুণাগুণ (আর্সেনিক, আয়রন ইত্যাদি) পরীক্ষা করা।
- ঙ) স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপন/ব্যবহারের জন্য রিং স্লাব বিক্রয় করা (মওজুদ সাপেক্ষে)।
- চ) স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপন/ব্যবহার এবং স্বাস্থ্য সচেতনতা বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ করা।
- ছ) প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য দুর্যোগকালীন সময়ে বিশুদ্ধ পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিন (WASH) ব্যবস্থা নিশ্চিত করা।
- জ) অধিদপ্তরীয় জনবল এবং এনজিওর মাধ্যমে স্যানিটেশন, স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করা।